ফ্রেশার্স ওয়েলকাম, নবীনবরণ উৎসব। সেদিন সকাল থেকেই আর র্যাগিং নেই। কমনরুমের রেকর্ড প্লেয়ারে উচ্চকণ্ঠে বাজছে নাজিয়া হাসানের ‘ডিস্কোদিওয়ানে, আহা, আহা’ আর কিশোরের ‘ও আমার সজনী গো, কেন আছ দূরে দূরে’। হস্টেলের কিচেন থেকে আসছে রান্নার সুঘ্রাণ। সেদিন নবীনবরণ। এই কদিনের সব দুর্ব্যবহার, মারধোরের কথা ভুলে গিয়ে নবীনদের বুক জড়িয়ে নেওয়ার পালা। হস্টেলের ঘরে ঘরে ঘুরে বেড়াতে সেদিন আর কোন ভয় নেই, বরং সকলের থেকেই আসছে আন্তরিক ডাক। বাড়ি ঘর আত্মীয় পরিজন ছেড়ে এই সুদূর কলেজ জীবনে সকলের সঙ্গে, সখ্যতা এবং আত্মীয়তা গড়ে তোলার দিন। সেদিন নবীনবরণ। সেদিন আর কোন বাধা নেই, নেই কোন ভয়। সেদিন নাম গোত্রহীন ছানা থেকে নিজের নিজের নামে ফিরে যাওয়ার দিন, সেদিন নবীনবরণ। সারাটা দিন গানে, নেশায়, নিশ্চিন্ত আলাপে, তৃপ্তির নৈশভোজে নবীন ও পুরাতন সকলে একাকার হল, সেদিন ছিল নবীনবরণ উৎসব। এই স্মৃতি বহুবার চোখে জল এনে দিয়েছে, সে অশ্রুঃ দুঃখের নয়, আনন্দের।

আজ এই অন্ধিই থাক, আরও গল্প অন্য কোন সময়ে।

—০০—

\*হোল্ড-অল সম্পর্কে তোমাদের কোন ধারণা না থাকারই কথা। তাই বস্তুটি সম্পর্কে কিছুটা ধারণা দিই। দু’পাশে বিশাল পকেটওয়ালা ক্যাম্ব্রিস-কাপড়ে বানানো প্রমাণ সাইজের, ছয়ফুট লম্বা আর তিনফুট চওড়া, বিছানা কাম প্যাকিং ব্যাগ। এই ব্যাগে পাতলা কম্বল, বিছানার চাদর, বালিশ, গামছা, জামা-প্যান্ট-পাজামা-পাঞ্জাবি, মাজন-ব্রাশ, চিরুনি, জুতো-মোজা, চিড়ের কৌটো, গুড়ের কৌটো ইত্যাদি সবই ভরে নিয়ে যাত্রা করা যায়। এই কারণেই এই বস্তুটির নাম হোল্ড-অল, যা সব ধরে রাখে। রাত্রে ট্রেনের বার্থে বিছিয়ে শুয়ে পর আর সকালে ঘুম থেকে উঠে গুটিয়ে, বকলস-বেল্ট বেঁধে-ছেঁদে একধারে রেখে দাও, গন্তব্য স্টেশন এলে হাতে নিয়ে নেমে পড়। প্রসঙ্গতঃ বলি, সকালে আমি কোন এক রেলযাত্রায়, এক পরিবারের হোল্ড-অলে শিল-নোড়া, কড়াইহাতা-খুস্তি, মায় বেলুন-চাকিও নিয়ে যেতে দেখেছি। সেই পরিবারটি দীর্ঘ ছুটিতে পুরী যাচ্ছিলেন। সেই পরিবারের কর্তাটি বলেছিলেন, গিমির রান্না ছাড়া হোটেলের খাবার তাঁর কাছে বিষবৎ, আর গিমিটি একটি পান মুখে নিয়ে মুখে জর্দার চিমটি ঝাড়তে ঝাড়তে বলেছিলেন, “নিজে হাতে মশলা, ধনে, জিরে, সরষে, পোস্তু, না বাঁটলে তিনি রান্না করে আনন্দ পান না।”

\*\*পাঁচপয়সাও তোমরা দেখনি। চকচকে সংকর ধাতু দিয়ে বানানো কুড়ি মিমি সাইজের চৌকো মুদ্রা। পাঁচ পয়সার মূল্য কতখানি ছিল দু’একটা উদাহরণ দিই। আমরা যখন বাচ্চা - মানে স্কুলের ফোর-ফাইভে পড়ি - আমাদের পাড়ার মিস্ট্রির দোকানে, পাঁচ পয়সায় পাঁচটা গুঁজিয়া পাওয়া যেত। কলেজে পড়ার সময় পাঁচ পয়সায় এক বাণ্ডিল কলেজ-বিড়ি পাওয়া যেত। এই দু’টি উদাহরণে পাঁচ পয়সার কারেন্সি ভ্যালু যেমন আন্দাজ করতে পারলে, তেমনি আশাকরি আমাদের প্রথমজীবনের নানান পর্যায়ে এই মুদ্রার ইউটিলিটি ভ্যালুর পরিবর্তনটাও আন্দাজ করতে পারলে।

- লেখক এক প্রতিষ্ঠিত সাহিত্যিক



## কাছে, দূরে

কোহিনুর কর (১৯৮৯, সিভিল)

মফঃস্বলের বয়েজ হাই স্কুলে একটা নতুন মুখ। স্বভাবতঃই খুব কৌতূহল ছেলেদের মনে। একই স্কুলে কিছুদিন আগে আসা আরেক নতুন ছাত্র মনিদীপ তার সাথে তড়িঘড়ি আলাপ করে নিল। দু-একদিন কথা বলেই ভাল লেগেছিল। পুরো ক্লাসে মনিদীপ ছাড়া আর সবাই উজ্জ্বলের কথায় বেশ বাঙ্গাল টান ছিল বলে উপহাস করেছিল প্রথম কিছুদিন। বরফ গলতে একটু সময় লেগেছে, কিন্তু বড় কোনও সমস্যা হয়নি।

মনিদীপ সেদিন স্কুল থেকে বাড়ি ফিরে উজ্জ্বলের কথা ওর বাবাকে বলায় উনি জানতে চাইলেন, ওরা বাংলাদেশে কোথায় থাকত। মনিদীপের বাবা সব শুনে একটু ভেবে বললেন,

—সবই তো মিলে যাচ্ছে! আমি বোধহয় চিনতাম উজ্জ্বলের বাবাকে বাংলাদেশে থাকতে।

সেই শুরু বন্ধুত্ব। শেষে দেখা গেল মনিদীপের বাবা আর উজ্জ্বলের বাবা একসময় বাংলাদেশের একই জায়গায় দেশ স্বাধীন হাওয়ার আগে কিছুদিনের জন্যে কর্মসূত্রে ছিলেন। মনিদীপ আর উজ্জ্বলের বন্ধুত্ব ক্রমশ গভীর হতে লাগল। সবসময় জোড়ায়-জোড়ায় ওদের দেখা যেত। স্কুলের এক মাস্টারমশায় রসিকতার ছলে কিস্বা ব্যঙ্গ করে ওদের বলতেন ‘মানিকজোড়’। একজন কোনও কারণে স্কুলে না হাজির না হলে অন্যজনকে জিজ্ঞেস করতেন,

—তোর মানিকজোড়কে দেখছি না, তার কী খবর?

স্কুলে যেতে হত ভ্যান-রিম্বা কিস্বা পাবলিক বাসে। সাথে থাকত গোনা কিছু খুচরো পয়সা। যেদিন স্কুলে হেঁটে যাওয়ার সময় পেত, সেদিন স্কুলের শেষে একটা মিষ্টির দোকানে বিশাল বড় সিঙ্গড়া সঙ্গে তেঁতুল-গোলা চাটনি, আর একটা ছানার জিলিপি। দুটোই ওই বয়েসে উপাদেয় বলে মনে হত ওদের। ভাবলে এখনও মুখে সেই স্বাদের একটা শিরশিরানি ভাব ফিরে আসে।

হাই স্কুল গেল; তারপর হায়ার সেকেণ্ডারী মানে ১২-ক্লাসের সময় এল। দুজন দুটো আলাদা স্কুলে ভর্তির সুযোগ পেয়ে খুব মনমরা হয়ে গেল ওরা। মাসখানেক যেতে না যেতেই একটা ছুতো বার করে একজন স্কুল পাল্টে দুজন এক জায়গায় আবার। একে কৈশোর পার হয়ে যৌবনের পথে কত শিহরণ, তার ওপর দুজনের গলায় গলায় ভাব। টইটুম্বুর অবস্থা। মাঝে মাঝে স্কুল ফাঁকি দিয়ে নতুন রিলিজ করা হিন্দী ছবি দেখাও হত।

দুজনেই জয়েন্ট এনট্রান্স দিয়ে ডাক্তারি কিস্বা ইঞ্জিনিয়ারিং-এ ঢোকান চেষ্টা করছে। তবে ঠিক করল প্রথমে বি.এস-সি. পড়বে অনার্স নিয়ে। মনিদীপ ফিজিক্স আর উজ্জ্বল স্ট্যাটিস্টিক্স অনার্স নিয়ে বি.এস-সি. শুরু করল কলকাতার কাছাকাছি একটা কলেজে। উজ্জ্বল যেমন খুব সিরিয়াসলি ক্লাস করত, মনিদীপের যেন কিছুতেই মন বসছিল না। মনিদীপ পরেরবার জয়েন্ট এনট্রান্সে অনেক ভাল ফল করে ইঞ্জিনিয়ারিং পড়তে হস্টেলে চলে গেল। আবার দুজনের ছাড়াছাড়ি। স্বাভাবিক ভাবেই উজ্জ্বল খুব মুষড়ে পড়ল। দুজনের মধ্যে দূরত্ব কয়েকশ’ কিলোমিটার। মনিদীপ হস্টেলে থাকতে শুরু করল। তখন তো আর ফোনের চল ছিলনা, পোস্টকার্ড কিস্বা ইনল্যান্ড লেটারের ওপর ভরসা।

দু’মাস পর ছুটি কাটাতে হস্টেল থেকে বাড়ী ফেরার পর মনিদীপ সবচেয়ে প্রথম খোঁজ নিল উজ্জ্বলের। সেদিন ছিল রোববার, যথারীতি দুজনের চুটিয়ে আড্ডা আর অনেক গল্প। মাঝে মাঝে মার হাতের গরম তেলেভাজা আর চা।

—ও হ্যাঁ, র্যাগিং-এ কী কী করেছিল - একটু বল তো?

—আর বলিস না, তিনটে সপ্তাহ সিনিয়ররা যেন জ্বালিয়ে মারল!



—আরে বল না, কী করতে হয়েছে তোকে?

—একদিন কোনোরকমে সকালের ক্লাস করে হস্টেলে ফিরছি স্নান-খাওয়া সারতে। পথের মধ্যে আমায় ধরল কয়েকজন সিনিয়র। পাশেই মাঠের মধ্যে একটা কালো গরু ঘাস খাচ্ছে। অমনি একজন বলে উঠল - এই যা তো ওই গরুটার পিঠে ওঠ আর কল্পনা কর, যেন ঘোড়ায় চড়ছিস। আমি তো প্রথমেই ঘাবড়ে গেলাম, কারণ বেশ বড়সড় ধারালো শিংওয়ালা একটা গাই গরু। কাছে যেতেই পেছনের পা দুটো ছুড়তে লাগল। আমি অনেকটাই চেপ্টা করেছিলাম ওর পিঠে ওঠার কিন্তু সুযোগ আমাকে সে দেয়নি।

—হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ, তোকে কী মুরগীটাই না করেছিল! আর কী করেছিল, বল।

—হ্যাঁ বলছি, তবে হাসিও পায় আর খারাপও লাগে। যেমন ধর, সব লাঞ্চ করে একটু ঘরে ঢুকেছি, বিকেলে আবার ক্লাস। ধরল এক সিনিয়র। বলল, এই শোন, ঘরটা কত বাই কত মেপে বল তো, চটপট করবি। আমি কাঁচুমাচু হয়ে, কী দিয়ে মাপব? উত্তরে সঙ্গে সঙ্গে ধরিয়ে দিল একটা দেশলাই কাঠি।

—বলিস কী!

—অবাক হচ্ছিস? আমাকে দিয়ে হামাগুড়ি করে পুরো ঘরের লম্বা-চওড়া মাপাল।

—তারপর?

—তারপর আর কি? কত কাঠি বাই কত কাঠি সেটা মনে রেখে কাগজে লিখলাম, আর প্রত্যেকটা কাঠির মাপ দিয়ে গুণ করে উত্তর দিলাম।

—সাম্প্রতিক তো!

—আর বলিস না। এ তো গেল। একদিন ধরল থার্ড ইয়ারের কিছু ছেলে। প্রথমেই, ইঞ্জিনিয়ার হতে এসেছিস, ভালো বউ লাগবে তাই তো? ভিরমি খেয়ে ভাবছি কোনটা বললে পার পেতে পারি। বললাম, হ্যাঁ, মানে... সঙ্গে সঙ্গে একটা সাদা কাগজের পাতা ছিড়ে পেনসিল দিয়ে বললে, তোর কেমন মেয়ে পছন্দ সেটার ছবি আঁক। আমি তো পড়েছি বিপাকে।

—মাই গড!

—কোনওরকমে একটা ছবি দাঁড় করালাম। এবার জিজ্ঞেস করল, তোর বাড়ীর ঠিকানা বল। বললাম। ব্যাটা কোথেকে একটা খাম এনে দিয়ে বলে, লেখ তোর বাবার নাম আর ঠিকানা। আমি জানতে চাইলাম, এটা কী হবে? উত্তর এল, এই তোর হবু বউ-এর ছবিটা খামে ভরে তোর বাবার কাছে পাঠিয়ে দেব। স্ট্যাম্প আছে আমার কাছে, তোর চিন্তা নেই।

—হাঃ হাঃ হাঃ সে কী?

—জানতাম ওটা আমাকে চমকানোর জন্যে। কিন্তু ভাব, কত চাপ ছিল?

—আরও কিছু র্যাগিং-এর গল্প বল শুনি।

—অনেক গল্প, বলে শেষ করতে পারব না রে। শীতের দিন আমি আর আমার রুমমেট গলায় মাফলার জড়িয়ে কিছু একটা করছি। হঠাৎ এক সিনিয়র এসে বলল, আজকের কাগজটা আমার পড়ার সময় হয়নি। তুই হেডলাইনগুলো পড়ে শোনা। মামাবাড়ীর আবদার যেন!

—তুই পড়লি?

—শুধু পড়া! আমাদের দুটো মাফলার খুলে নিয়ে একটা আমার বাঁহাতে অন্যটা আমার ডানহাতে বেঁধে অন্য মাথা দুটো দাদা নিজে ধরে রেখেছে।

—তারপর?

—আমাকে বুঝিয়ে দিল, কাগজ পড়ার সময় ডানহাতে টান পড়লে বলতে হবে 'কিচি' আর বাঁ-হাতে টান





পড়লে বলতে হবে ‘মিচি’। এবার বোঝা ঠেলা। আমি কাগজ পড়ছি, ‘আজ মুখ্যমন্ত্রীর ঘরে বিশেষ ‘কিচি’ বৈঠক, অনেক ‘মিচি’ রদবদলের আশঙ্কা’।

—হাঃ হাঃ হাঃ, খুব রসিক দাদা তো!

—রসিক হলে কী হবে; মুখে হাসি আনবার জো নেই।

—কেন?

—দু’হাত দিয়ে ভাল করে মুখ মুছে হাসিটা পকেটে পুরে তারপর আমাদের এগুলো করতে হয়েছে।

তিরিশ বছর আগে...

মনিদীপ একজন সদ্য পাশ করা ইঞ্জিনিয়ার। আর উজ্জ্বল মাস্টার্স শেষ করবে কিছুদিন বাদেই। আজ ভোরের ফ্লাইটে আমেরিকার পথে পাড়ি দেবে। দেশের মায়া কাটিয়ে বিদেশে পড়তে যাওয়াটা ওর কাছে অনেকটা শকুন্তলার পতিগৃহে যাত্রার মতই মনে হল। কলকাতা এয়ারপোর্টে পৌঁছতে গিয়েছিল উজ্জ্বল আরও অনেকের সাথে। বিদায়ের মুহূর্তে ওর মুখে কোনও কথা নেই; মুখের ভাষা যেন বলতে চাইছে, মনিদীপ, তুই অনেক দূরে চলে যাচ্ছিস। কত বড় হবি তুই, আমাকে যেন ভুলে যাস না। যতই হোক কলকাতা ছেড়ে সব আত্মীয়স্বজন আর বন্ধুদের ছেড়ে এভাবে যেতে কারই বা ভাল লাগে?

ফোনের চল নেই বেশী। চিঠিই একমাত্র ভরসা, তাও আবার আমেরিকা থেকে একটা চিঠি এয়ারমেলে গেলোও দিন পনেরো লাগে। চিঠি লিখে কি আর আড্ডা হয়, মজা হয়? যোগাযোগ বলতে ওই চিঠি। আর সেই কবে দেশে আসবে মনিদীপ তখন দেখা হবে। এটা হজম করা শক্ত।

কয়েক বছর বাদে...

মনিদীপ পড়াশোনা শেষ করে দেশে ফিরে এসেছে, খানিকটা দেশ-সেবার ইচ্ছে আর বাকিটা দেশের টান। উজ্জ্বল খুব খুশী যে মনিদীপ হয়তো কলকাতায় চাকরি নিয়ে থেকে যাবে। উজ্জ্বল এখন এক সরকারী সংস্থায় অফিসার। মনিদীপ এক বেসরকারী সংস্থায় কন্সাল্ট্যান্ট। সারা সপ্তাহ কাজকর্মের ব্যস্ততা থাকলেও নিয়ম করে ওরা কয়েকজন বন্ধু মিলে আড্ডায় বসত প্রায়দিনই সন্ধ্যার দিকে। আর আড্ডার বিষয়? সাহিত্য, সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি, পাড়া-পড়শী, আরও কত কী! কোনদিন বিষয় খুঁজে না পেলে একের পর এক মান্না দে আর হেমন্তের গান গেয়ে সময় কাটিয়ে দিত।

উজ্জ্বল বিয়ে করল বাড়ীর সবার পছন্দমত, শ্বশুরবাড়ী বেশ দূরে। মনিদীপ দেশে কাজ করে অনেক দুর্নীতি-জটিলতার মধ্যে আর পেরে উঠছিল না। হঠাৎ কাউকে কিছু বুঝতে না দিয়ে কেঁরিয়েরের তাগিদে আবার আমেরিকা পাড়ি দিল।

একবার গ্রীষ্মের ছুটিতে দেশে ঘুরতে এসে দেখল - উজ্জ্বলের সুন্দর ছোট সংসার, একটা ফুটফুটে ছেলে হয়েছে - খুব খুশী স্বামী-স্ত্রী দুজনেই। মনিদীপ তখনও অবিবাহিত জীবনের সুখ-দুঃখ নিয়ে এগিয়ে চলেছে।

বছর দশেক আগে...

উজ্জ্বলের অফিসে প্রমোশন হয়েছে, ভালো জায়গায় পোস্টিং। মনিদীপ তিনসপ্তাহ হাতে নিয়ে দেশে এসেছে। শেষমেশ তড়িঘড়ি করে বাড়ী থেকে দেখেগুনেই বিয়ে ঠিক করে ফেলল। মাত্র তিন সপ্তাহের মধ্যে অনেক কাজ, খুব বড় করে না হলেও কিছু আয়োজন তো করতেই হয়!

ঠিক হ’ল উজ্জ্বল ছুটি নেবে একদিন, সঙ্গে শনি-রবি, টানা তিনদিন সময় বিয়েবাড়ী সময় দেবে। অবধারিত যা হওয়ার, সারারাত বাসরঘরের ইয়ার্কির সান্ধী হয়েছিল উজ্জ্বল। বিয়ের পর মাত্র কয়েকদিন হাতে ছিল মনিদীপের আমেরিকায় ফেরত যাওয়ার আগে। তবে প্রায় দিনই উজ্জ্বল আর মনিদীপ সন্ধ্যায় আড্ডা জমাতো, সঙ্গে গল্প আর গান বাঁধা। সে আড্ডার দিনও একদিন শেষ হল।



শেষ খবর...

মনিদীপ আমেরিকায়, ছুটির দিন, কলকাতায় ওর মার সাথে ফোনে কথা বলছে।

—জানিস, উজ্জ্বলের কোনও খোঁজ নেই ক’দিন হল। গত শুক্রবার অফিস থেকে আর ফেরেনি বাড়ীতে।

—সে কী কথা!

—উজ্জ্বলের বউ তো ভীষণ চিন্তায় আছে। কাল আমাকে ফোন করে জানতে চেয়েছিল ও আমাদের বাড়ীতে এসেছিল কিনা।

—তারপর?

—এখনও কেউ কিছু জানেনা বলেই শুনলাম। তবে পুলিশী তল্লাসী চলছে।

—আচ্ছা, আমি আবার কাল তোমায় ফোন করে খবর নেব।

মনিদীপ স্বভাবতই খবরটা শুনে খুবই বিমর্ষ আর চিন্তিত। উজ্জ্বলের মোবাইলে বেশ কয়েকবার ফোন করে কোনও উত্তর পেল না। পরদিন মাকে আবার ফোন করল।

—মা, উজ্জ্বলের কোনও নতুন খবর পেলে?

—হ্যাঁ, এই তো, খুব খারাপ খবর। শুনলাম, ওর দেহ বুলন্ত অবস্থায় খুঁজে পেয়েছে রেলস্টেশনের কাছে।

—ও মাই গড!

মনিদীপের কাছে এই খবরটা যেন অবিশ্বাস্য আর অবাস্তব মনে হল। ঘন্টাখানেক একা এক ঘরে বসে এই খবরটা হজম করার চেষ্টা করল - খুবই কঠিন ব্যাপার। ভাবতে ভাবতে যেন ও বেহঁশ হয়ে গেল।

—আচ্ছা, এরকম অন্ধকার ঘরে চুপচাপ বসে আছো কেন?

মনিদীপের বউ এসে ওর গায়ে হাত রাখতেই যেন সশ্বিত ফিরল।

—উজ্জ্বল আর নেই! ওকে এভাবে এত তাড়াতাড়ি চলে যেতে হল! কেন এটা হ’ল? তাহলে ওর জীবনে কি এমন কোনও সমস্যা ছিল যে আমাকেও কোনদিন মুখ ফুটে বলতে পারেনি? ও তো এত সহজে হার মানার ছেলে নয়। তাহলে কি ওর সংসারে কোনও অশান্তি, আর কারও হাত...আর ভেবেই বা কি হবে, সব শেষ।

—বুঝলাম, ভাবাই যাচ্ছে না! তোমার এত ভাল বন্ধু, এত সময় দিল বিয়ের সময়। ভালমানুষের কেন এমন হয়?

—জানিনা, এত ঠুনকো এই জীবন!

প্রাণ খুলে মনের সব কথা বলার আর সুখ-দুঃখ ভাগ করে নেবার সবচেয়ে উপযুক্ত মানুষটাই এভাবে চলে গেল। সে আজ অনেক, অনেক দূরে, যেখানে চাইলেই পৌঁছনো যায়না। আজও পেছন ফিরে তাকালেই মনিদীপের সেই মানিকজোড়ের কথাই। সবচেয়ে বেশী মনে পড়ে, আর বুকটা ভীষণভাবে মোচড় দিয়ে ওঠে।

• লেখক কর্মসূত্রে অ্যারিজোনা ট্রান্সপোরটেশন রিসার্চ সেন্টারের প্রধান এবং অ্যারিজোনা স্টেট ইউনিভার্সিটির সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে স্নাতকোত্তর স্তরের অধ্যাপক ও উপদেষ্টা। বাংলায় কিছু গল্প ইতোমধ্যে প্রকাশিত হয়েছে।



## লিলুয়া হোমের গল্প

সমীর কুমার দাশ (১৯৭২, ইলেকট্রিক্যাল)

রোজ এক হাতা ভাত  
আর সজ্জির জল-ঝোল তো পাস,  
তবু কেন তুই পালাতে চাস?  
(দু-বেলাই  
তোর পেট ভরে খাওয়া চাই?)

বছরে এক-আধ দিন  
মাছ বা ডিমের টুকরাও তো জোটে  
তবু তোর মন ওঠে না মোটে?  
(কত লোক তো আবার  
সারা জীবন ছোয়না আমিষ খাবার)

অসুখ বিসুখ হ'লে  
মাঝে মাঝে ওষুধ তো মেলে  
ডাক্তার টাক্তার একেবারেই যে নেই  
তা তো নয়,  
তেমন সিরিয়াস কিছু হলে  
পাঠানো তো হয় সরকারী হাসপাতালে।  
(অসুখ হলেই  
ডাক্তার চাই,—  
এ গল্প আবার কোথায়  
শুনলি তুই?)

লোক-লজ্জার বালাই  
নেই, কেবল শুধু পালাই পালাই,  
পালিয়ে কোথায় যাবিরে তুই?  
এই হোমের বাইরে  
তোর জায়গা কোথাও নাইরে।  
জামাকাপড়, থাকাটাকার ব্যবস্থা  
যদি নাই বা হোল আহামরি,  
তা বলে পালিয়ে যাবি?  
—এটা কোন বাহাদুরি?  
তুচ্ছতাচ্ছিল্য করে হলেও  
দয়াদাক্ষিণ্য তো বটে,  
তবু তোর মন ওঠে না তো মোটে।  
(তুই যে কিসে হবি খুশী,  
তোর না সবতেই বড্ড বেশী বেশী)

যে লোকগুলো আছে  
তোদের দেখভালের কাজে,  
তারা যদি একটু আধটু দুষ্টুমি



করে মাঝে মাঝে  
তাতে রাগ করলে কি চলে?  
তোকে যে বোঝাই কি বলে।  
(কত লোক তো কত কিছু মানিয়ে  
সারা জীবন দিব্য দেয় কাটিয়ে)

তুই পালিয়ে গিয়েও গেলি ধরা পড়ে  
কাগজগুলারা কি সব যাতা  
লিখলো ফলাও করে।  
ব্যস অমনি মন্ত্রী, সাস্ট্রী, জেলের সুপার,  
রাজ্যের সোস্যাল ওয়েলফেয়ার অফিসার,  
আরও কত কে,  
তোকে নিয়ে মাথা ব্যথা সবার।

তুমুল তোরজোড় করে  
কয়েকদিন ধরে  
ইন্সপেকশন ইত্যাদি হ'লো।  
সব দেখে শুনে তারা দিলেন রায়,  
'আসলে এই হোমের পাঁচিল তো উঁচু নয়  
চেষ্টা করলে সহজেই ডিঙ্গিয়ে যাওয়া যায়,  
তা ছাড়া দারোয়ানরা অত্যন্ত কম সংখ্যায়  
মেয়েগুলো তাই এমনি এমনি পালিয়ে যেতে চায়।  
(পাগলী মেয়ে, তোর  
পালাই রোগের কি  
চমৎকার ডায়াগনোসিস,—  
দেখেছিস।)

পাঁচিলের হাইট বাড়তে হবে আরও  
তার ওপরে ফুট দুয়েক কাঁটাতারের বেড়া,—  
রিট্রস্ট করা যাবে কিছু দারোয়ানও  
তাহলে আর পালিয়ে যাবার  
উপায় থাকবে না কোনও'  
(শুনলি তো পোড়ামুখী রাজকন্যে  
আর কত লোকে করবে  
তোদের জন্যে?)

তোর পালিয়ে যাবার সব রাস্তা  
বন্ধ পাকাপাকি  
তোর বাঁচার জন্য ছটফটানি  
উঁচু পাঁচিল ঘেরা  
এসব ভেবে দুঃখ পাওয়া বড্ড বাড়াবাড়ি,  
বাঁচা নয়, টিকে থাকার নিয়মগুলো  
শেখতো তাড়াতাড়ি।



## যদি কোন দীর্ঘশ্বাস থাকে

বিশ্বজিৎ বাগচী (১৯৭৭, মেক)

কেন আমি তোমাকে পাগল ভেবেছি  
এখনো বুঝিনি, আমার লঘু চলাচল,  
আমার দীর্ঘশ্বাসহীন জীবন কাউকে চেয়েছিল  
যার মায়ামোহবোধ পাহাড়ী নদীর মত।

পাহাড়ী নদীগুলি শীতঘুমে যায়,  
ছেড়ে যায় বালিয়াড়ি, ওইখানে বসে  
তোমার খোঁপার ঘ্রাণ মৌমাছির মত  
উড়েছে চারপাশে, পায়ের পাতা ছুঁয়ে  
স্রোত আমাকে ছুঁয়েছে।

তুমি কাল এসো নদীর চড়ায়,  
আমি ছুঁয়ে দেব ঠোঁট কনিষ্ঠ আঙুলে  
কোথা থেকে সিটি বেজে ওঠে  
পাশের পাহাড়ও জানে না।

ভালবাসার সৌন্দর্য অপসারী স্রোত  
তোমাকে কতটা ব্যাকুল করেছে  
বুঝেছি বলেই এতটা খোঁড়ার পর  
প্রতিচ্ছবিগুলি স্পষ্ট হয়েছে।

যদি কোনো দীর্ঘশ্বাস থাকে  
তাকে রাখো কবিতার খাতায়  
আনন্দঘন মুহূর্তগুলি জীবন  
সাজায় অবিরত, অনাবিল।

- প্রতিষ্ঠিত কবি এবং লিটল ম্যাগাজিন আন্দোলনের একনিষ্ঠ কর্মী



## নির্মাল্য

নিশীথরঞ্জন অধিকারী (১৯৮৭, ইলেক্ট্রিক্যাল)

জাঙ্গালপাড়া গ্রামটি আড়ে-বহরে বেশ বড়। উত্তরে রসুলপুর থেকে দক্ষিণে অহল্যাবাই রোড পেরিয়ে, একদম ধাপধাড়া পর্যন্ত প্রায় তিন-চার কিলোমিটার। আবার পূর্বে দামোদর নদ থেকে পশ্চিমে আকব্বরী খাল পেরিয়ে বাগদিজেল পর্যন্তও হবে প্রায় তিন চার কিলোমিটার।

৮০ দশকের প্রথমদিকে নির্বাচনের সময় ৫ খানা ভোটগ্রহণ কেন্দ্র হত। তাই রাজনৈতিকভাবেও ভোট ভিক্ষুকদের কাছে এগ্রামের কদর খুব কম নয়।

বর্ধমান রাজার অধীন বি এল রায় স্টেট স্ট্রাটের নায়েব মশাই ছিলেন এই জমিদারির দণ্ডমুণ্ডের কর্তা। উঁচু প্রাচীর ঘেরা দু'কামরার কাছারি বাড়ি। তার দুয়ার এতটাই উঁচু যে দুয়ার থেকেই হাতির পিঠে চড়া যাবে। উঠানে একটা প্রকাণ্ড আমগাছ, একটা বিশাল নৌকার নোঙর গিলে নিয়ে ঢেঁকুর তুলছে। দেখলেই কেমন কেমন গা ছমছম করে।

কাছারিবাড়ির উল্টো দিকে টানা বারান্দা দেওয়া একতলা ঘরের সারি। একটা গোল ফলকে লেখা। 'জাঙ্গালপাড়া সার্ভিস কোঅপারেটিভ ব্যাঙ্ক। স্থাপিত ১৯১১ খ্রিষ্টাব্দ'। আমার ঠাকুরদাদা, মাণিকলাল অধিকারী ছিলেন এই ব্যাঙ্কের অন্যতম প্রতিষ্ঠাতা এবং আমৃত্যু পরিচালন সমিতির সদস্য।

এই ঘরগুলিই ছিল জাঙ্গালপাড়া বি সি কে এম হাই স্কুলের আঁতুড় ঘর। পরবর্তীতে একটি ঘরে ব্যাঙ্কের অফিস, একটিতে পোস্ট অফিস, একটিতে রেশন দোকান ছাড়া বাকিগুলো ছিল জাঙ্গালপাড়া স্কুলের হোস্টেল। ততদিনে কলকাতার শ্যামবাজার পাঁচ মাথার মোড়ের বিখ্যাত পিতল কাঁসার বাসন ব্যবসায়ী বগলা চরণ কুণ্ডুদের ১০ হাজার টাকা দানে সারি সারি কাঠের খুঁটি দেওয়া টিনের চালের স্কুল ঘর তৈরী হয়ে গেছে। (কয়েক বছর আগে দেখলাম সেই সব ভেঙে নতুন করে বিল্ডিং তৈরী হচ্ছে। ইতিহাসকে কে আর মনে রাখে?)

স্বাধীনতার পর জমিদারি প্রথা উঠে গেলে ওই গা ছমছমে কাছারিবাড়িতে স্কুলের হোস্টেলের ছেলেরা থাকত। আমাদের ক্লাস সিক্সের ফার্স্ট বয় বিদ্যুৎ বেরা, বিদ্যুতের দাদা বুদ্ধদা, বিদ্যুতদের পাড়ার তাপস বেরা এবং তার ভাই এই কাছারিবাড়িতেই থাকত। আমরা বলতাম, পুরো ঘোল দিগরুই এর বেরা পাড়া।

তাপস একবার কোন কারণে নেড়া হয়েছিল। আমরা ওর পিছু লাগতাম,

'নেড়া যায় বেলতলাতে, নেই কোন সন্দ তাতে

কিস্ত প্রশ্ন কবার যায়?'

তাপস হেসে বলত, 'চুল গজালে আবার যায়'।

সেই ভয়ঙ্কর দর্শন আমগাছটার নিচে চেয়ার পেতে বনমালীবাবু নাটকের মহড়া দেওয়াতেন। 'বুড়িবালামের তীরে' কিংবা 'বিনয় বাদল দীনেশ'। বনমালীবাবু ছিলেন ওই অঞ্চলের সব থেকে ভাল কেমিস্ট্রির শিক্ষক। আবার তিনি আমাদের বাংলাও পড়াতেন। তাই আমরা ওনার নাম দিয়েছিলাম, 'বেঙ্গল কেমিক্যাল'।

কাছারিবাড়ির দাওয়ায় অমিয়বাবু শেখাতেন আবৃত্তি,

Breathes there the man, with soul so dead,

Who never to himself hath said,

This is my own, my native land!



ওনার জলদ গভীর কণ্ঠে, স্যার ওয়াল্টার স্কট হয়ে উঠতেন জীবন্ত।

কিংবা উনি বোঝাতেন, ‘আমারই চেতনার রঙে পান্না হল সবুজ... আমি বলছি বলেই গোলাপ সুন্দর, আমি আছি বলেই তুমি এবং তোমার সৃষ্টি। এটা সেই বেদান্তের ‘অহম’ এর কথা বলছেন কবি। সেটা তোমার গলায় ফোটাতে হবে। তোমার কাজ হল পুরো কবিতাটিকে তোমার কণ্ঠস্বরের দ্বারা বুঝিয়ে বলা’।

তারপর উনি নিজেই যখন আবৃত্তি করে শোনাতেন, এই কাছারিবাড়ির প্রাঙ্গণ ভরে উঠত এক অনির্বাচনীয় আনন্দে। সঞ্চয়িতার প্রতিটি কবিতাই ছিল তাঁর কণ্ঠস্থ। কবিতা এবং আবৃত্তির প্রতি ভালবাসার সূত্রপাত আমাদের এই কাছারিবাড়িতেই।

দেউড়ির দাওয়ায় ‘লোচা কামার’ ঝাল কড়াই বেচত আর ঘরগুলোতে হস্টেলের কয়লা আর ঘুঁটে থাকত। ৮০র দশকে এই ঘরগুলো পরিষ্কার করে ইতিহাসের স্যার পাঁচুবাবু, হোস্টেলের আরও কিছু ছেলেদের নিয়ে থাকতেন। বিড়ি সিগারেটের অগুস্তি টুকরো তাঁর উজ্জ্বল উপস্থিতি জানান দিত।

লোচা কামারের একটা ভাল নাম ছিল। দেবেন না কি যেন! এক সময় সে ছিল স্কুলের পিয়ন। ঘন্টা বাজান, খাতা বোয়া, জল দেওয়া, ইত্যাদি কাজ করত। স্কুলের কাগজপত্রও সে গুছিয়ে রাখত। হেড মাস্টার মশাইয়ের একদম ডানহাত।

একবার পরীক্ষার সময় স্যার খাতা সব দেয়েছেন। প্রশ্নপত্র তখনও দেননি। কয়েকজন ছাত্র হুড়মুড় করে উত্তর লেখা শুরু করে দিল। স্যার বললেন, ‘আমি প্রশ্নপত্র এখনও দিইনি। তোমরা উত্তর লিখতে শুরু করে দিলে কি করে?’

ছাত্ররা বলল, ‘স্যার, কোয়েশ্বন খুব লেংদি হয়েছে তো। এখনই শুরু না করলে শেষ করতে পারব না’।

স্যার বললেন, ‘তোমরা জানলে কি করে?’

কেঁচো খুঁড়তে বেরোল কেউটে। ওরা নাকি পয়সা দিয়ে লোচাকে পটিয়ে একটা কোয়েশ্বন পেপার হাতিয়েছে। সেই থেকে লোচার চাকরি নট এবং হেড মাস্টারমশাইয়ের অফিসের সামনে ঘন্টা বাজানো ছেড়ে কাছারিবাড়ির দেউড়ির বারান্দায় কড়াই ভাজার বুড়ি নিয়ে তার অধিষ্ঠান। আর তার জায়গায় শীতলদা। শীতল চক্রবর্তী।

তবে আজকের গল্পের সময়কাল আরও চার দশক আগে। গত শতাব্দীর ৪০এর দশক। নায়েব মশাই যখন দেউড়িতে লোকলস্কর নিয়ে কাছারিবাড়িতে বিরাজমান। তাঁর ভয়ে বাঘে গরুতে এক ঘাটে জল খায়।

নায়েবমশাই আজ ভীষণ চিন্তিত। খাজনা বাড়াতে হবে। অনেক জমি বিলি বন্দোবস্ত করতে হবে। উপর মহলের ভীষণ চাপ। শালি জমি সব বিলি হয়ে গেছে। কিছু জলা জমি পড়ে আছে। স্কুলের আশেপাশের জলা জমিগুলো স্কুলকে নিষ্কর হিসেবে গছিয়ে দেওয়া গেছে। হেড মাস্টারমশাই একটা খেলার মাঠ চেয়েছিলেন। দামোদরের চরে একটা জায়গা ‘উড়ো ষ্টে গোবিন্দায় নমঃ’ করে দেওয়া হয়েছে। দামোদরের চর, দামোদরই কবে নিয়ে নেবে। তাই ‘গঙ্গা জলে গঙ্গা পুজো’ আর কি!

একদিন মানিককে ডেকে বললেন, ‘অধিকারী মশাই, তোমাকে অহল্যাবাই রোডের ওপাশের ওই ১৮ বিঘা জমিটা দেব ভাবছি’।

মানিক বললেন, ‘নায়েব মশাই, ওখানে জমি কোথায়? ও তো জলা। শীতকালে ধাপধাড়ার লোকে মৌরালী মাছ ধরে আর গরমকালে গরু চড়ায়। আমাকে দিয়ে শুধু শুধু তার খাজনা দেওয়াবেন কেন?’

নায়েব মশাই বললেন, ‘ভেবে দেখ’।

মঙ্গলবার। বিকালে কয়েক পশলা বৃষ্টি হয়ে গেছে। সন্ধ্যার শাঁখ বেজে গেল। ঝাঁঝিপোকা আর ব্যাঙদের অর্কেস্ট্রা শুরু হল। সঙ্গে সাপের সান্ধ্যভোজের সঙ্গত।



ব্যাঙ্কের অফিসঘরে হ্যারিকেন জেলে একে-একে পরিচালন কমিটির সদস্যরা এসেছেন। ব্যাঙ্কের পিয়ন, লক্ষ্মী চক্রবর্তী, চা বসিয়ে দিয়েছে। স্কুলের মাস্টারমশাই অম্বিকাবাবু হোস্টেলের গাধাগুলোকে পিটিয়ে ঘোড়া করার চেষ্টা শুরু করছেন। এমন সময় কাছারিবাড়িতে হইচই।

একটা রোগাসোগা লোক একটি ইয়া বড় পাঁঠার মুণ্ডু নায়েবমশাইয়ের জন্য মা শেতলার নির্মাল্য হিসেবে এনেছে। এত বড় পাঁঠার মাথা সচরাচর দেখা যায়না। ঘাড় সমেত কম করে ছয় সাত কিলো হবে।

এই লোকটাকে নায়েবমশাই জিজ্ঞাসা করলেন, ‘এত বড় পাঁঠা কে কাটল রে?’

লোকটা বলল, ‘আজ্ঞে হুজুর, আমি’।

—‘তুই এক কোপে এত বড় পাঁঠা বলি দিয়ে ফেললি?’

—‘আজ্ঞে হুজুর বলি তো এক কোপেই দিতে হয়।’

—‘তুই ঠিক বলেছিস?’

—‘আজ্ঞে হ্যাঁ, হুজুর।’

নায়েবমশাই পাইক বরকন্দাজদের আদেশ দিলেন, ‘বেটাকে গাছের গুঁড়িতে বেঁধে ফেল। এ তো অনায়াসে মানুষ খুন করতে পারে!’

লোকটা হাউমাউ করে কেঁদে একদম নায়েবমশাইয়ের পায়ে, ‘হুজুর আমি কে? এ সবই মা শেতলার কৃপা। তিনিই আমাকে দিয়ে তাঁর বলি দিইয়েছেন! আমাকে ক্ষমা করে দিন।’

নায়েবমশাই বললেন, ‘তাই বল। তুই নয়। মা-ই তোকে দিয়ে বলি দিইয়েছেন!’

তারপর বললেন, ‘যাদের ঠাকুর, কাল তাদের আসতে বলিস। আর তুই এখন যা।’

সে তো এক ছুটে পগার পাড়।

এদিকে নিমভাঙ্গির সামুইবাড়িতে কান্নাগোল। কি কুম্ভণেই না নির্মাল্য পাঠিয়েছিলাম! মা শেতলা এই ছিল তোর মনে?

পরেরদিন সামুইদের নারান আর পরান দুই ভাই, মা শেতলার চৌকাঠে মাথা ঠেকিয়ে কাঁপতে কাঁপতে কাছারিবাড়িতে হাজির।

নায়েবমশাই বললেন, ‘কাল তোমরাই নির্মাল্য পাঠিয়েছিলে?’

—‘আজ্ঞে হ্যাঁ, হুজুর।’

—‘মা শেতলা তো খুব জাগ্রতা শুনেছি।’

—‘আজ্ঞে হ্যাঁ, হুজুর।’

তারপর নায়েবমশাই একটা কাগজ বাড়িয়ে দিয়ে বললেন, ‘অহল্যাবাই রোডের উল্টোদিকে ধাপধাড়া মৌজার সীমানায় ১৮ বিঘা নিষ্কর সম্পত্তি বর্ধমানের মহারাজার তরফে মা শেতলাকে দেবোত্তর হিসেবে প্রদান করা হল।’

- গল্পটি সোশাল মিডিয়ার দেওয়াল থেকে সংগৃহীত





## যাত্রাপথের মূর্ছনা, শুনছ কি?

সুরত সান্যাল (১৯৮৯, ইলেক্ট্রিক্যাল)

ছাত্রজীবনের সংগ্রহ সারাজীবনের যাত্রাপথের এক মাধুকরী। অস্বীকার করা যেতেই পারে! সে তো সদ্য গোর্ফ-গজানোদের ছেলেমানুষি এবং জ্যাঠামির এক ভারসাম্যহীন মেলবন্ধন! তবে টেকীতে পাড় দিতে বেথেয়াল হলেই সব এলোমেলো।

সারা দুনিয়া জানে, ছাত্রদের দায়িত্ব শুধু পড়াশোনা করা, পরবর্তীসময়ে অর্থ উপার্জনের হাতিয়ার সংগ্রহ। বাড়ির গুরুজনরা পইপই করে মনে করিয়ে দেন, পড়াশোনা বিনা অন্য কিছু নয়, নচেৎ সারাজীবন এই ব্যর্থতার দায়ভার বহন করতে হবে। কাজেই, বালক, সাবধান!

বালকদের মন জলজ্যাস্ত বিদ্রোহী। বড়রা যা বলছেন তা অগ্রাহ্য না করলে যেন বড় হওয়াই হবেনা। আকাশেবাতাসে অজানার হাতছানি, সে নিশির ডাকে সাড়া না দিলে চারদিকে বিদ্রূপের ঝংকার! মন এক পা এগিয়ে তিন পা পিছিয়ে যায় বারবার। অবশেষে একদিন দৃঢ়চিত্তে একলাফে বিধিনিষেধের কালাপানি পার! এও আফ্রিকায় চাঁদের পাহাড়ে পৌঁছানোর এক অভিযান; কিশোর মন ধাক্কা সামলে, হাঁটুর ব্যথা নিয়ে, অজানাকে অতিক্রম করে এগিয়ে চলে। চাঁদের পাহাড়ে পৌঁছতে না পারলেও যাত্রা পথে যা মণিমাণিক্য কুড়িয়ে পাওয়া যায় তাই এক জীবনের জন্য ঢের।

কিশোর আশীষের কথাই ধরা যাক। আশীষ মণ্ডল, বর্ধমানের বর্ধিষ্ণু গ্রামের ততোধিক অবস্থাপন্ন কৃষক পরিবারের সন্তান। বাবার ইচ্ছা, ছেলে ইঞ্জিনিয়ার হোক। ছেলে পড়াশোনায় ভাল, বাবার ইচ্ছাকে তাই উচ্চাশা বলা যাবে না। উচ্চমাধ্যমিক টপকিয়ে ছেলের ইঞ্জিনিয়ারিংয়ের প্রবেশিকাতেও আসন পাকা। যাদবপুর-শিবপুরে না হলেও জলপাইগুড়ি নাগালের মধ্যেই। খুশীতে ডগমগ বাবা তাই বিরাট ভোজের আয়োজন করলেন; গ্রাম ঝাঁটিয়ে সকলে ভুড়িভোজন শেষে টেকুর তুলে আশীষকে আশীর্বাদ করে গেলেন।

চিত্রনাট্যে এ পর্যন্ত সবই ঠিক ছিল। গোল বাঁধল অন্যত্র!

গ্রামের স্কুলে এক সংগীতশিক্ষক ছিলেন, আশীষ ছোটবেলা থেকেই তাঁর ন্যাওটা। সেই শিক্ষক উঁচুদরের কেউ নন, বরঞ্চ তাঁর খ্যাতি অন্যপানে। তাঁর সুর কখনও উদারা-মুদারা-তারায় ঠিকানার নাগাল পেত না। স্বরগুলি বিহঙ্গমের মত নিজখেয়ালে উড়ে বেড়াত। গ্রামে তো কেউ সঙ্গীতবিশারদ নন, ‘গানের মাস্টারের’ তাই প্রতিদ্বন্দ্বী ছিল না, যা শেখাতেন তাই উতরে যেত। বরঞ্চ আশীষের মায়ের বিধিবদ্ধ সঙ্গীতশিক্ষা না হলেও সুরজ্ঞান ছিল টনটনে, আশীষের সুর-তালের জ্ঞান মায়ের কাছ থেকেই বেশী পাওয়া। সকালে সংসারের কাজের সাথে তিনি যখন প্রভাতীসুরে কীর্তনের পদগুলি ভাঁজতেন, শুনতে শুনতে শিশুকাল থেকেই আশীষ অন্য জগতে পৌঁছে যেত।

বাবার মনে যখন ছেলের ভবিষ্যৎ নিয়ে কল্পনা আকাশছোঁয়া, ঠিক সেইসময় আশীষ মুখে যথাসম্ভব কাঁচুমাচু ভাব এনে বাবার সমীপে নিবেদন করল নিজের মনোবাসনা: ইঞ্জিনিয়ারিং নয়, সে আয়ত্ব করতে চায় সঙ্গীতের জগত।

কয়েক সেকেন্ডে ছেলের মুখের দিকে চেয়ে বাবা ঘর ছেড়ে বেড়িয়ে গেলেন, ফিরলেন এক পাচনবাড়ি নিয়ে। কথায় বলে ‘চাষার রাগ’। রাগের কারণও যুক্তিগ্রাহ্য! নিমেষে সেই পাচনবাড়ি আছড়ে পড়তে লাগল আশীষের পিঠে। কত আঘাত যে সহ্য করতে হত তা বলা যায়না, যদি না অনুশোচনায় সেই গরু খেদানোর বেত কয়েক ঘা দেওয়ার পরে নিজেই ভেঙে পড়ে রণে ভঙ্গ দিত। ক্রোধে আর মনঃকষ্টে দ্বিখণ্ডিত সেই যষ্টি দূরে নিক্ষেপ করে বাবা ঘরমুখে হলেন, আর একবুক অভিমান আর পিঠের জ্বালায়ন্ত্রণা নিয়ে আশীষ ছুট লাগাল এক মাইল দূরের মামাবাড়ির দিকে।

ভাগ্নেগত প্রাণ মামারও এক লম্বা ইতিহাস আছে। ছোটবেলা থেকেই তাঁর ইঞ্জিনিয়ারিং পড়ার ইচ্ছা, কিন্তু প্রিইউনিভার্সিটির নম্বরের জোরে কোন কলেজেই ঠাই হয়নি। এমনকি কলকাতার পলিটেকনিকগুলিও বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়েছে। অগত্যা বন্ধুর বাবার পরামর্শে রওনা দিলেন জলপাইগুড়ির দিকে। যদি সেখানকার নতুন পলিটেকনিকে



জায়গা পাওয়া যায়! পাওয়ার সম্ভাবনাও ছিল - কলকাতার ছেলেরা তো সেই ম্যালেরিয়া অধ্যুষিত শহরে পড়তে যায় না আর স্থানীয় ছেলেদের সংখ্যাও হাতে গোনা। বন্ধুর বাবা একটি গোপন তথ্যও ফাঁস করেছিলেন—পাশ করলেই উত্তরবঙ্গে মিলিটারি ইঞ্জিনিয়ারিং চাকরি পাকা। চীনের আগ্রাসনের পরে উত্তরবঙ্গে মিলিটারি স্টেশন বানানোর কাজ চলছে আর সেই কাজে অনেক ইঞ্জিনিয়ার দরকার।

জলপাইগুড়িতে মামা অ্যাডমিশনও পেলেন সিভিল ইঞ্জিনিয়ারিং-এ। কিন্তু মন উদাসীন না পাওয়ার বেদনায়! ক্লাশের সময়টুকু বাদ দিয়ে বাকী সময় ঘুরে বেড়াতেন পাশের ইঞ্জিনিয়ারিং কলেজের মাঠে ময়দানে। দুই কলেজের মাঝে তিরতির করে বয়ে চলা ‘তুরতুরি’র ধারার ওপরে এক কাঠের সাঁকো, বাইরের ব্যবধান শুধু এটুকুই।

মামাবাড়ি পৌঁছে কপালগুণে মামার মুখোমুখি! ভাগ্নের কান্নাজড়ানো কথা আর পিঠের বেণীপাকানো লাল দাগ দেখে কিছু আন্দাজ করেছিলেন, কিশোরের সামনে তা প্রকট না করে নিজের ঘরে নিয়ে গিয়ে পিঠের ঘায়ে আয়ুর্বেদিক মলমের সাথে ছেলে ভোলানো স্তোক দিতে শুরু করলেন! শেষে যা বললেন, শুনে আশীষের পিঠের ব্যথাবেদনা নিমেষে উবে গেল— জলপাইগুড়ির কলেজে উচ্চাঙ্গসংগীতের এক সুন্দর আবহাওয়া আছে। তিনি নিজে কলেজজীবনে সেখানকার সোশ্যালেরে শুনেছেন। শোনালেন এক ঘটনার কথা, নিজের কানে শোনা।

সেবার ইঞ্জিনিয়ারিং কলেজের সোশ্যালের প্রথম সন্ধ্যায় একসাথে স্টেজে উঠেছেন পণ্ডিত নিখিল বন্দ্যোপাধ্যায় আর উস্তাদ আলি আকবর খান। দুইজনেই মার্গসঙ্গীতের পর্বতপ্রমাণ ব্যক্তিত্ব, আবার দু’জনেই উস্তাদ আলাউদ্দিন খানের শিষ্যত্বের কারণে গুরুভাইও। কলেজে ‘ওভাল’র উল্টোদিকের মাঠে বাঁধা হয়েছে বিশাল ম্যারাপ; কলেজের ছাত্রশিক্ষক ছাড়াও শহর বেঁপে পড়েছে দুই দিকপালের যুগলবন্দী শুনতে। পাশাপাশি গদিতে বসে নিজেদের যন্ত্রের তার বেঁধে উস্তাদজি চোখের ইঙ্গিতে পণ্ডিতজিতে ইশারা করলেন শুরু করতে। নিজের সেতারের চিকারির তারে ঝংকার দিয়ে পণ্ডিতজি আলাপ শুরু করলেন ভূপালী রাগে। একমুখ হাসি নিয়ে উস্তাদজি গুরুভাইয়ের দিকে চেয়ে বলে উঠলেন, ‘নিখিল, তুমি কি জেনেশুনে ভূপালী ধরলে?’ মাইকে সেই কথা পুরো মগুপ জুড়ে ছড়িয়ে পড়লেও শ্রোতাদের বুঝতে কিছু সময় লেগেছিল।

মামাও কিছুই বুঝতে পারেননি; মর্ম বুঝেছিলেন অন্যের মুখে শুনে। আসলে রাগমালায় আরোহন-অবরোহনে সাতটা স্বর ছুঁয়ে যাওয়ার কথা, কিন্তু অনেক রাগই যাতায়াতে একটি বা দুটি স্বর টপকে যায়। ‘ভূপালী’ দুই দিকের যাত্রাপথেই ‘মা’ এবং ‘নি’ স্বরকে বর্জন করে, অর্থাৎ ‘মা-নি’ বর্জিত। এর পাশাপাশি আর একটি ‘পহেলু’ আছে, পণ্ডিত নিখিল বন্দ্যোপাধ্যায় স্টেজে কম বাজাতেন এবং উপরোধে রাজি হলেও, পয়সা নিতে রাজি হতেন না, অর্থাৎ, ‘নো মানি’। আলি আকবর খানের সেই দ্ব্যর্থবোধক কৌতুকটা কতটা যথাযথ ছিল, আলাদা করে বলে দেওয়ার দরকার নেই।

মামার কাছে আরও কিছু গল্প শুনেছিল আশীষ সেদিন। দুপুরের খাবারের আগে বাবা যখন অনুতপ্ত হয়ে নিজে এলেন ছেলেকে ফিরিয়ে নিতে, ততক্ষণে আশীষের রাগ-অভিমান সব উবে গিয়েছে!

এবার জলপাইগুড়ির দিকে যাত্রা করার পালা! এক সন্ধ্যায় কালনা স্টেশন থেকে স্টিম ইঞ্জিন টানা জনতা এক্সপ্রেসে চড়ে রওনা দিল। পরের দিন বৃষ্টিস্নাত সকালে গাছেগাছে লেজ দোলানো ফিঙের আবাহনের মাঝে নেমে পড়ল জলপাইগুড়ি রোড স্টেশনে। ছডতোলা রিক্সায় আধাগ্রাম-আধাশহরের পরিবেশ ছাড়িয়ে কলেজের নয়নাভিরাম প্রাঙ্গণে পৌঁছতে বোধহয় বিশ মিনিটের বেশী লাগেনি।

ঠাই হল দুই নম্বর হোস্টেলের ব্যাক উইণ্ডে, দুই রুমমেটের একজন মেদিনীপুরের, অন্যজন মালদার। প্রাথমিক গোছগাছ করে ডাইনিং হলে গিয়ে খাবারের গ্রাসের মাঝেই শমন এসে হাজির—সন্ধ্যা সাতটায় দোতলায় বারো নম্বর ঘরে হাজিরা দিতে হবে তিন ছানাকে। এতক্ষণ মনোযোগ দিয়ে খেতে ব্যস্ত মেদিনীপুরের ছেলেটি মুখ আশীষের কানের কাছে নিয়ে এসে বলল, ‘র্যাগিং শুরু হল!’

ভীরু পায়ে প্রতিটি স্টেপ গুনেগুনে ঠিক সাতটায় বারো নম্বর ঘরের সামনে হাজির হয়ে মেদিনীপুরের ছেলেটি সরাসরি ঘরে ঢুকতে গিয়েই এক প্রস্থ খাতানির সম্মুখীন হল, ‘ম্যানার্স-এটিকেট কিছুই কি বাবা-মা শেখাননি?’



ভয়ে সেই বন্ধু তিনপা' পিছিয়ে এল, মুখ পাংশু! আশীষের পাও কাঁপছে। মালদার ছেলেটি বেশ আত্মবিশ্বাসী, দরজার মুখে দাঁড়িয়ে, ঘাড় ঝুঁকিয়ে বলল, 'আসতে পারি?'

'হ্যাঁ, আয়। বাকি দু'টো কি করছে ওখানে? ইঞ্জিনিয়ারিং পড়তে এসেছে! এই ভাবেই ইঞ্জিনিয়ার হবি? সব শেখানোর জন্যই তো এখানে ডেকে পাঠাতে হয় আর বাইরে আমাদের বদনাম জোটে!..... ঠিক আছে, ওই দুই ছানাকেও আসতে বল'।

ঘরে ঢুকে তিনজনেই যথাসম্ভব মাথা নিচু করে আড়চোখে দেখে সামনে পাঁচ দাদা ছড়িয়ে দুই খাটের ওপরে বসে আছে, সামনে টুলের ওপর এক কৌটায় কিছু কাগজের টুকরো। এক-এক করে তিনজনকেই সেই কৌটো থেকে চিরকুট তুলতে বলা হল। সেই চিরকুটগুলিতে লেখা নির্দেশ মেনে পারফরমেন্স শুরু করতে হবে। প্রথমেই মেদিনীপুর এবং তারপরে মালদা। দুই জনেই যারপরনাই পর্যুদস্ত এবং চড়থাপ্পড় খেয়ে রণে ভঙ্গ দিল; রায় এল, ঘর থেকে বার হয়ে বারান্দায় নিলডাউন হয়ে থাকতে হবে - পরবর্তী আদেশ না পাওয়া পর্যন্ত।

এবার আশীষের পালা। চিরকুটে উঠেছে, "হরিদাসের ভঙ্গিমা 'মালকোষ' রাগ।" মালকোষ রাগ নিয়ে তত সমস্যা ছিল না; ছোটবেলা থেকেই মায়ের গলায় কণিকা বন্দ্যোপাধ্যায়ের গায়কীতে 'আনন্দধারা বহিছে ভুবনে' শুনে রাগটা মনে ধরেছে। রাতে রেডিওতে গানটা হলে গায়ের লোম খাড়া হয়ে উঠত। সাথে কি আর মা বলেন, মধ্যরাতে মালকোষ শুনতে ভূতপ্রেরণাও হাজির হয়!

কিন্তু হরিদাসের নামও শোনেনি আশীষ! তাঁর ভঙ্গিমাটাও বা কি? ভেবেও কুলকিনারা না পেয়ে নিজের মত করে, বাঁ হাত যেন তানপুরায় ধরা আর ডানহাতে রাগবিস্তারের ভঙ্গিমা, মালকোষ শেষ করল।

সেযাত্রা আশীষ র্যাগিঙে উতরে গেল। ভবিষ্যতের জন্য শুধু রেখে গেল এক কাঁটাবিছান পথ। প্রতিটি সন্ধ্যাতেই বারো নম্বর ঘরে ডাক পড়ত। ফরমাস হত নানা রাগরাগিণী গেয়ে শোনানোর, যার বেশীরভাগ নামই শোনেনি আশীষ। শ্রোতার সংখ্যাও ক্রমশঃ বর্ধমান, পাঁচ থেকে সাত হয়ে ঘর প্রায় ভরে যায়! সেসময় বিপদতারণ মধুসূদন হয়ে অবতীর্ণ হলেন তৃতীয় বর্ষ, মেকানিক্যালের ফাটাদা, খুরি, ভাংরাদা। ভাংরাদার গানের গলা বেশ ভাল, কিন্তু গজল ছাড়া কিছুই গাইত না। এই গজল গায়কের 'ভাংরা' নামটা কোথা থেকে আমদানি হয়েছিল, সে রহস্যভেদ খোদ ভাংরাদাও করতে পারেনি।

যাইহোক, এক গভীর রাতে আশীষের ঘরে অবতীর্ণ হয়ে ভাংরাদা এক গুচ তথ্য দিয়ে গেলেন, বারো নম্বর ঘরের কোন বান্দাই শাস্ত্রীয় সঙ্গীতের অ-আ-ক-খ জানে না। নির্দেশ এলেই আশীষ নিজের মনের মতো আ-উ করে কিছু টেনে দিলেই হবে, কেউ ধরতে পারবে না।

সেই টনিকটা বেশ কাজে লেগেছিল! মাস তিনেক এই ভাবেই চলছিল। পরের দিকে প্রতি সন্ধ্যায় আর ডাক পড়ত না। পোনাদাদারা তখন আসন্ন সোশ্যাল নিয়ে ব্যস্ত—প্রথম দিন ক্ল্যাসিক্যাল এবং পরেরদিন লাইট মিউসিক, যেমন দস্তুর! তিনজন বড়বড় উস্তাদের আসার খবর পাকা হল। এদিকে ভাংরাদা আশীষের গানের প্রতি আগ্রহ দেখে ওকে শহরের বিখ্যাত শাস্ত্রীয়গায়ক এবং স্থানীয় রাজপরিবারের সন্তান তরু রায়কতের কাছে নিয়ে যাবে বলে কথা দিয়ে গেল। বেশ চলছিল!

সোশ্যাল শুরুর দুই দিন আগে দু'টো খবর এসে পৌঁছল: প্রথম দিনের দুই উস্তাদের মধ্যে একজন অসুস্থ, তাই আসতে পারবেন না; এবং তিনজনের মধ্যে যিনি সবচেয়ে বিখ্যাত, সেই বিদূষী অনুরোধ করেছেন প্রথমেই যেন তাঁর অনুষ্ঠানের ব্যবস্থা রাখা হয়। দ্বিতীয় খবরে আশীষের উস্তাদের পারা বেশ চড়ে গেল। প্রথমটা নিয়ে ওর তেমন হেলদোল ছিল না।

ঠিক এমন সময় ওর সামনে বোমা ফাটল: সারা কলেজে রাষ্ট্র হল যে তৃতীয় আসর সামলাবে আশীষ, সময় কমিয়ে দেওয়া হবে আর এমনিতেও শেষের দিকে শ্রোতার সংখ্যা কমই থাকে। সত্যি মিথ্যা জানার অবকাশ নেই, কিন্তু পার্লিক গুজবটা ভালই খেয়েছে। একদিন মেকানিক্সের খাস্টা প্রফেসরও ক্লাসে ঢুকেই ওর নাম করে উঠে দাঁড়াতে বললেন। সব মিলিয়ে আশীষের থরহরিকম্প!



পোনাদাদারা আলাদা করে কেউ কিছু বলল না, কিন্তু আশীষের মত প্রথমবর্ষের ছানার মনের ভয় যায়! অনুষ্ঠানের দিন সন্ধ্যা হতেই হোস্টেল ছেড়ে বেড়িয়ে পড়ল। মাথায় উঠেছে গানশোনা!

এদিকে মগুপ ততক্ষণে ভরে উঠেছে, বিদূষীও নিজের আসন নিয়ে সহযোগীদের নির্দেশ দিচ্ছেন, সঙ্গতের যন্ত্রের তার বাঁধা চলছে। কলেজের স্টুডেন্ট ইউনিয়নের সেক্রেটারি আবার বিদূষীর পরিচয় দিতে গিয়ে নিজের কথাই বেশী বলে চলেছে।

আশীষ প্রথমে আশ্রয় নিয়েছিল কলেজ বিল্ডিংয়ের ঠিক উল্টোদিকের একচালা ক্যান্টিনের পিছনে। কিছুক্ষণের মধ্যেই সেই আড়ালটাও নিরাপদ মনে হল না, দুইদিক দিয়ে ছাত্র আর বাইরের মানুষের যাতায়ত। কিছু না ভেবেই সোজা স্মিথি আর কারপেন্ট্রি শপের ফাঁক দিয়ে তুরতুরির দিকে রওনা দিল। ততক্ষণে বিদূষী পূরবী রাগে বিলম্বিত জুড়ে দিয়েছেন। চলন কিছুটা ধ্রুপদের আলাপের ঢঙের, আবার খেয়াল যে নয় তাও বলা যাবে না।

তুরতুরির কাঠের সেতুটা কিছুটা ডানদিকে, দূরত্ব অন্ততঃ শ'মিটার তো হবেই। সেদিকে না গিয়ে আশীষ সোজা নদীর খাতের দিকে হাঁটতে শুরু করল। এই ফাল্গুনের শুরুতে নদীতে জল তো নেইই, মাঝে বোড়ো ধানচাষের তোরজোড় শুরু হওয়ায় তলানির জলও আটকে দিয়েছে চাষীরা। এর মাঝখান দিয়ে উদাস মনে হাঁটতে শুরু করেছে আশীষ। নবীন বসন্তের আকাশে চতুর্থীর ভাঙা চাঁদ অনেক প্রতিশ্রুতির বার্তা আনলেও আকাশেবাতাসে সেরকম সাড়া জাগাতে পারেনি। চারদিকে হালকা কুয়াশার ওড়না। নদীর বুকে এক কাছি নৌকায় মাঝি আবার ছোট্ট পাল তুলেছে, হয়তো পরের সকালে 'হরি হরি' বলে সাম্পানযাত্রা করবে। কৌতুহলে সেই পাল ঘিরে কুয়াশা জমাট বেঁধেছে। চারদিকে আমের মুকুলের হালকা গন্ধ ভেদ করে দূর থেকে লেবুফুলের তীব্র সুগন্ধ ধাক্কা মারছে। এরই ফাঁকে দূর থেকে মাইকের শব্দে কানে ভেসে আসছে বিদূষীর সুকণ্ঠে এক বন্দীশ, 'কাঁ ভেই তুমরো মাঁরোয়া', কোথায় তোমার পথ; পুরিয়া ধানেশ্রীতে একতালে নিবদ্ব।

পূরবী আর পুরিয়া ধানেশ্রীর চলন, স্বরসংযোজন বা গায়নের সময়, এসব বিষয় আশীষের কোন ধারণা ছিলনা, কিন্তু একই ঠাটের দুই রাগের যে আন্তরিকতা, তাতে ওর কানে একই লাগা স্বাভাবিক। পাকা কান না হলে সব সময় এদের পার্থক্য ধরা যায় না। এদিকে বিদূষীর গায়কীতে এক মাদকতা আছে। মীড়ের ব্যবহার বেশী হলেও তা স্নিগ্ধ, হড়বড়ি নেই আর গমক তো খুব কম। বৈচিত্র্য আনার জন্য তানকারির শেষে তেহাই দিয়ে মুখরাতে ফিরে আবার অন্য পথে সুরকে টেনে বার করছেন। সুরগুলি পত্রপল্লবে ঢাকা গাছের ডালের ফাঁক দিয়ে এমন ভাবে যাতায়ত করছে যেন এক পোষা টুনটুনি পাখি নিজের আনন্দে ডাল ছেড়ে ক্ষণিকের জন্য আশপাশ ঘুরে আবার ডালে ফিরে এসে নিজের মাথা দুলিয়ে কৌতুক করছে।

খেলাচ্ছলে পাতা ডোবান জলে হাঁটতে হাঁটতে আশীষ দেবী চৌধুরানীর মন্দিরের পিছনে ঝোপঝাড়ের পাশে পৌঁছতেই নিচে কাঠের মতো কিছু ভারী জিনিসে ধাক্কা খেয়ে হোঁচট খেল। জামাকাপড় শুধু জলে ভিজল তাই নয়, হঠাৎ ঝটকায় এক ক্লাস্তি দেহমনকে চেপে ধরল। কয়েক মিনিট সেইভাবেই বসে থেকে শেষে হামাগুড়ি দিয়ে পাশের টিপিতে দুই হাতে ভর সামলে বসতে গিয়ে শরীরের অর্ধেকই মাটির ভিতর ঢুকে গেল। অতিকষ্টে নিজেকে বের করে একটু দূরে হেলান দেওয়ার জায়গা খুঁজে পেতে আবার একই অভিজ্ঞতা। প্রথমে ভেবেছিল, শিয়ালের গর্ত। গ্রামে এমন অনেক দেখেছে, কেউ কাছে এলেই শিয়ালের বাচ্চারা গর্ত থেকে বার হয়ে আসে। এখানে কিন্তু কয়েক মিনিট অপেক্ষা করেও কোন শিয়ালের পাত্তা পাওয়া গেল না। শেষে একটু জায়গা দেখে গা এলিয়ে দিল, মন পড়ে রইল এতক্ষণে প্রায় শেষ হয়ে আসা বিদূষীর বন্দিশে।

বিদূষীর পরবর্তী পরিবেশন এক আওধি ঠুংরি, সুর আছে - কথাও আছে। শুনতে শুনতে কখন চোখের দুই পাতা এক হয়ে এসেছে। যখন রেশ ভাঙল, চারদিক সুনসান, রাতজাগা পাখিগুলি শুধু ডেকে চলেছে আর তাদের বকা দেওয়ার জন্য মাঝে ভেসে আসছে প্যাঁচার কর্কশ ডাক।

আকাশের চাঁদ পশ্চিম গগনে ঢলে পড়েছে, নবীন চন্দ্রমার এর থেকে বেশী কিছু দেওয়ার নেই। যে প্রতিশ্রুতি রেখে গিয়েছে আকাশজুড়ে তাতে অল্পদিনেই আকাশ-বাতাস রঙিন হয়ে উঠবে, বিশ্বজুড়ে শুরু হবে নব্বীর



আবাহন, বসন্তবন্দনায়! জীবন তো শুরু করার এই সময়, - অস্ত যেতে যেতে এক চিলতে বাঁকা চাঁদের বার্তা শোনা গেল!

আর কলেজে ফেরা হল না; বসন্তের বাউলপনা আর পূর্বীর রোমান্টিকতা এক ঝটকায় ভাসিয়ে নিয়ে গেল এক অন্য জগতে, আজ এত বছর পরে সেই বাল্যখিল্যতায় হাসিই পায়!

\* \* \* \* \*

পর্বতশৃঙ্গ জয় করার পরে কি কেউ আর গায়ের ব্যাথা বা পা ছড়ে যাওয়ার কথা মনে রাখে! আশীষের আজ সব অতীত; সংগ্রামের স্মৃতিমেদুরতা মনকে আর ভারাক্রান্ত করে না, বরঞ্চ এক প্রচ্ছন্ন সুখটানের পরশ এনে দেয়। সেই পরশকে জীবনের ক্যানভাসে প্রত্যক্ষ করতে ত্রিশ বছর পরে আবার কলেজে ফিরে আসা। ছাত্ররা আমন্ত্রণ জানায়নি; ‘কিরাণা’ ঘরানার এক শিল্পী দেশেবিদেশে যতই খ্যাতি পান না কেন, তার খবর এখনকার ছেলেদের কানে এসে পৌঁছানোর নয়। কিছুটা স্বতঃপ্রণোদিত হয়ে পণ্ডিত আশীষ মণ্ডল কলেজের ছেলেদের সাথে যোগাযোগ করেছিলেন; বার্তাও দিয়েছিলেন, তাঁর রাহাখরচ কিছুই তাদের বহন করতে হবে না। শুধু অনুরোধ, কলেজের সোস্যালের প্রথম রাতে যেন একটু সঙ্গীত পরিবেশনের সুযোগ দেওয়া হয়। ছাত্ররা প্রথমদিকে সেরকম উৎসাহ দেখায়নি। মাস খানেক পরে হঠাৎ ফোন। অভিমান হয়নি; তবে মনে হয়েছে, অন্য কারোর তাগাদায় তাঁকে জায়গা দেওয়া হল।

অনুষ্ঠান ভালই হল। আগের মতো জনসমাগম না হলেও বেশ কিছু সমঝদার শ্রোতার আগমন হয়েছিল। গাওয়ার জন্য একটা বন্দীশ নিজে লিখে এনেছিলেন, ‘নাওন মোঁহে পেঠ হিঁরাউন’, ‘আমাকে রাস্তা দেখাতে হবে না’, ব্রজভাষায় পুরিয়া ধানেশ্রীতে একতালে নিবন্ধ।

পরের দিন কলেজের কয়েকটি ছেলের সাথে বড় রাস্তা ধরে দেবী চৌধুরানির মন্দিরে বড় বটগাছের নিচে পৌঁছে নিজের অতীতের কথা শোনাচ্ছিলেন আশীষ। গল্পশেষে তাদের নিয়ে পিছনে গেলেন। এটা এখন মাড়োয়ারীদের শ্মশানঘাট, দৈনিক দাহ হয় না? তাই ফাঁকাফাঁকা। ডানদিক ঘুরে নদীর দিকে ফিরে পৌঁছলেন সেই টিপির দিকে, ঘাসের চাপড়া দিয়ে ঢাকা। আঙুল দিয়ে দেখালেন, কোন জায়গা থেকে তিনি নিরুদ্দেশ যাত্রা করেছিলেন।

ছাত্রদের কাছ থেকে যা শুনলেন, তা আরও বেশী রোমাঞ্চকর। সেই টিপির নিচে শুরু হয়েছে এক সুড়ঙ্গ, অন্য মুখ প্রায় বারো-চৌদ্দ কিলোমিটার দূরে, দশদরগার কাছে। সরকার কিছুদিন খনন করেছিল, পরে দুই মুখ বন্ধ করে দেওয়া হয়েছে। কেউ বলে, দেবীচৌধুরানী এবং ভবানী পাঠক এই সুড়ঙ্গ পথেই করলা-তিস্তার রাস্তায় ডাকাতি করে বেড়াতেন। ইংরাজ শাসক সেই আচমকা ডাকাতির সামনে পর্যুদস্ত হত। পাশাপাশি অভিমত, মুঘল সেনাপতি রেজা খান রংপুরের যুদ্ধে পরাস্ত হয়ে এই পথেই পালিয়ে গিয়েছিলেন।

রংপুরের এক সাধারণ জমিদার ঘরের বধু একদা জমিদারী রক্ষার্থে ইংরাজদের সাথে সন্মুখসমরে নেমেছিলেন। সামনাসামনি যুদ্ধে জয়ী হতে পারেননি, হালও ছাড়েননি। শেষে অতর্কিতে হানা দিয়ে পর্যুদস্ত করতেন ব্রিটিশ শক্তিকে। হয়তো তিনি কিছু বছরের জন্য ভেসে উঠেছিলেন, তাঁর বীরবিক্রম হেলাফেলার নয়।

মুগল সৈনিক রেজা খান রংপুরের জমিদারের সেরাস্তায় এসেছিলেন সামান্য দিনমজুরির কর্মী হয়ে। নিজ দক্ষতায় সৈন্যদলে ভর্তি হয়ে তাক লাগিয়ে দিয়েছিলেন সকলকেই। সেনাপতি পদে উন্নীত হতে সময় লাগেনি। রংপুরের যুদ্ধে পরাস্ত হয়ে হয়তো এই সুড়ঙ্গপথেই পালিয়ে গিয়েছিলেন, কিন্তু যুদ্ধ ছাড়েননি।

ইতিহাস সাক্ষী, দুইজনেই একদা জীবনযুদ্ধে পরাস্ত হয়েও নিজেদের নাম পাথরে খোদাই করতে পেরেছিলেন।

কি মিল আশীষের সাথে! যদিও তাঁর জীবনের নূতন অধ্যায় এখান থেকেই শুরু হয়েছিল। পরবর্তীতে সঙ্গীতশিক্ষায় নিজের ইচ্ছাপূরণ হয়েছে - আজ তাঁর ভারতজোড়া নাম! কিন্তু বাবার ইঞ্জিনিয়ারিঙের স্বপ্ন তো সাকার হতে পারেনি, সে পরাজয়ের দায়ভারও তো আশীষকেই নিতে হবে!





# **BUILD CARE SOLUTIONS**

*Protect Your Investment*

Specialized for all type of :

- Water Proofing • Structural Repair • Industrial Flooring
- Joint Treatment • Injection Grouting



**Suman Kalyan Bera**

31/5/1/1, Ramji Hazra Lane, Shibpur,  
Howrah-711 101, West Bengal

M: 9903008305 | E-mail : [build.care21@gmail.com](mailto:build.care21@gmail.com)